

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৬৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যে ভীতিকালীন সালাতের কথা বর্ণনা করলাম, তা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন জায়গায় পড়েছেন, তার বিবরণ

ذِكْرُ الْمَوْضِعِ الَّذِي صلَّى صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِيهِ صَلَاةَ الْخَوْفِ الَّتِي ذَكَرْنَاهَا

আরবী

2864 ـ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ قَالَ: حَدَّثَنَا وَكِيعٌ قَالَ: حَدَّثَنَا سُفْيَانُ عَنْ مَنْصُورٍ عَنْ مُجَاهِدٍ عَنْ أَبِي عَيَّاشٍ الزُّرَقِيِّ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِعُسفان وَالْمُشْرِكُونَ بِضُجْنَانَ فَلَمَّا صَلَّى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الظُّهْرَ رَآهُ الْمُشْرِكُونَ يَرْكَعُ وَيَسْجُدُ فَأْتَمَرُوا عَلَى أَنْ يُغِيروا عَلَيْهِ فَلَمَّا عَلَيْهِ وَسَلَّمَ الظُّهْرَ رَآهُ الْمُشْرِكُونَ يَرْكَعُ وَيَسْجُدُ فَأْتَمَرُوا عَلَى أَنْ يُغِيروا عَلَيْهِ فَلَمَّا حَضَرَتِ الْعَصْرُ صَفَّ النَّاسُ خَلْفَهُ صَقَيْنِ فَكَبَّرَ وَكَبَّرُوا جَمِيعًا وَرَكَعَ وَرَكَعُوا جَمِيعًا وَسَجَدَ وَسَجَدَ وَسَجَدَ الصَّفُ التَّانِي بِسِلَاحِهِمْ مُقبلين عَلَى الْعَدُقِ بِوُجُوهِهِمْ فَلَمَّا رَفَع النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأْسَهُ سَجَدَ الصَّفُ الثَّانِي فلما رفعوا بوجهم مُقبلين عَلَى النَّه عَلَيْهِ وَسَلَمَ رَأْسَهُ سَجَدَ الصَّفُ الثَّانِي فلما رفعوا رؤوسهم رَكَعَ وَرَكَعُوا جَمِيعًا وَسَجَدَ وَسَجَدَ الصَّفُ النَّانِي عَلَى الْتَهُ عَلَيْهِ وَسَلَّمَ رَأْسُهُ سَجَدَ الصَّفُ الثَّانِي فلما رفعوا رؤوسهم رَكَعَ وَرَكَعُوا جَمِيعًا وَسَجَدَ وَسَجَدَ الصَّفُ النَّانِي عَلَى اللَّهُ عليه وسلم رأَعُهُ الثَّانِي عَلَى الْعَدُو بِوُجُوهِهِمْ فَلَمَّا رَفَعَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عليه وسلم رأسه سجد الصَف الثاني.

الراوي: أَبُو عَيَّاشٍ الزُّرَقِيّ ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2864 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (1121).

قَالَ أَبُو حَاتِمٍ: أَبُو عَيَّاشٍ الزُّرَقِيُّ اختُلِفَ فِي اسْمِهِ مِنْهُمْ مَنْ قَالَ: إِنَّهُ زَيْدُ بْنُ النُّعْمَانِ وَمِنْهُمْ مَنْ قَالَ: عُبَيْدُ بْنُ مُعَاوِيَةَ بْنِ الصَّامِتِ وَمِنْهُمْ مَنْ قَالَ: عُبَيْدُ بْنُ مُعَاوِيَةَ بْنِ الصَّامِتِ وَمِنْهُمْ مَنْ قَالَ: عُبَيْدُ بْنُ مُعَاوِيَةَ بْنِ الصَّامِتِ وَمَنْهُمْ مَنْ قَالَ: عُبَيْدُ بْنُ مُعَادِ بْنِ الصَّامِتِ.



বাংলা

২৮৬৪. আবৃ আইয়াশ আয যুরাকী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উসফান নামক জায়গায় ছিলেন আর মুশরিকরা দুজনান নামক জায়গায় ছিলো। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন যোহরের সালাত আদায় করেন, তখন মুশরিকরা তাঁকে রুকু' ও সাজদা করতে দেখেন, তখন তারা তাঁর উপর অতর্কিত হামলা করার পরামর্শ করে। অতঃপর আসরের সালাতের সময় হলে, সাহাবীগণ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের পিছনে দুই কাতার বদ্ধ হন। তিনি তাকবীর দিলে, তারা সবাই তাকবীর দেন। তিনি রুকু' করলে, তারা সবাই রুকু' করেন। তিনি সাজদা করলে, নিকটবর্তী কাতারের সাহাবীগণও সাজদা করেন। আর দ্বিতীয় কাতারের সাহাবীগণ অস্ত্র নিয়ে শক্রর মুখোমুখী হয়ে দাঁড়িয়ে থাকেন। তারপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাজদা থেকে মাথা উত্তোলন করলে, দ্বিতীয় কাতারের সাহাবীগণ সাজদা করেন।"[1]

আবৃ হাতিম ইবনু হিবানে রহিমাহুল্লাহ বলেন, "আবৃ আইয়্যাশ আয যুরাকী রাদ্বিয়াল্লাহু আনহুর নামের ব্যাপারে মতভেদ রয়েছে। কেউ কেউ বলেছেন, "তিনি হলেন যাইদ বিন নু'মান। কেউ কেউ বলেছেন, "তিনি হলেন যাইদ বিন সামিত।" কেউ কেউ বলেছেন, "তিনি হলেন উবাইদ বিন মু'আবিয়া বিন সামিত।" আবার কেউ বলেছেন, "তিনি উবাইদ বিন মুয়ায বিন সামিত রাদ্বিয়াল্লাহু আনহু।"

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪৬৩; মুসনাদ আহমাদ: ৪/৫৯-৬০; তাহাবী: ১/৩১৮; দারাকুতনী: ২/৫৯-৬০; তুহফাতুল আশরাফ: ৩/২৫১।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১১২১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু আইয়্যাশ আয যুরাকী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন